গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
(সংস্থাপন শাখা)
www.meherpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭০০.০০৫.১১.০০৬.২১-৪৫০

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৮ / ২০ সেপ্টেম্বর ২০২১।

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ৩০ জুন ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৬.১৬-১৫০ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ০৮.০৯.২০২১ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.২১-৯০(৬) নম্বর স্মারকমূলে জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুরের সাধারণ প্রশাসন এর অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে ধারণা।<br>(ঘ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা ৫০ ও ইংরেজি ৮০ শব্দ।<br>(ঙ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ২ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০৪ (চার)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৩ | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৪ | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৫ | বেয়ারার (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৬ | নিরাপত্তা প্রহরী (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৭ | বাবুর্চী (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০১ (এক)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(২) রান্নার কাজে অন্যূন ০৫(পাচ) বৎসরের অভিজ্ঞতা |
| ৮ | সহকারী বাবুর্চী (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০/- | ০১ (এক)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(২) রান্নার কাজে অন্যূন ০৫(পাচ) বৎসরের অভিজ্ঞতা |

## আবেদনের শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে।

০৩। ক্রমিক ০১ নম্বর বর্ণিত পদে সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ১৪.১০.২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, মেহেরপুর এর ওয়েবসাইট www.meherpur.gov.bd, জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ের সংস্থাপন শাখায় এবং www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৪। ক্রমিক ০২ হতে ০৮ নম্বর বর্ণিত পদে সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, মেহেরপুরকে সম্বোধন করে আগামী ১৪.১০.২০২১ খ্রি.তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, মেহেরপুর এর ওয়েবসাইট www.meherpur.gov.bd, জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ের সংস্থাপন শাখায় এবং www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। প্রার্থীর বয়সসীমা ১৪.১০.২০২১ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯.০৮.২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০. ১১. ০১৭.২০-১৪৩ নম্বর পত্রের নির্দেশনা মোতাবেক যাদের বয়স **বিগত ২৫.০৩.২০২০ তারিখে ৩০ বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৩২ বছর) পূর্ণ হয়েছে তারাও আবেদন করতে পারবেন।** বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সেঃমিঃ আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

(ঙ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ বীর মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

(চ) ০১ নম্বর ক্রমিকে বর্ণিত গ্রেড- ১৩ (৩য় শ্রেণি) পদের জন্য ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১—তে ১০০.০০ (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ) ০২ হতে ০৮ নম্বর ক্রমিকে বর্ণিত গ্রেড- ২০ (৪র্থ শ্রেণি) পদের জন্য ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১—তে ৫০.০০ (পঞ্চাশ) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(জ) প্রত্যেক প্রার্থীর জন্য পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১ (এক)টি ১০ ইঞ্চি X ৪. ৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/ আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবী সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০.০৯.২০২১

(ড. মোহাম্মদ মুনসুর আলম খান)
পরিচিতি নম্বর ১৫৩১৫
জেলা প্রশাসক
মেহেরপুর
ফোনঃ ০২৪৭৭৭-৯২৩০১
e-mail:dcmeherpur@mopa.gov.bd

স-২১৪৫ (১৩×৩)